



## হরমুজ প্রণালিতে ফের যুক্তরাষ্ট্র-ইরানের পাল্টাপাল্টি হামলা



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিকে কেন্দ্র করে আবারও সামরিক উত্তেজনায় জড়িয়েছে যুক্তরাষ্ট্র ও ইরান। শনিবার (৫ সেপ্টেম্বর) মার্কিন একটি বিমানবাহী রণতরী ও একটি ডেস্ট্রয়ারকে লক্ষ্য করে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপের দাবি করেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)।

ইরানের দাবি, মার্কিন যুদ্ধজাহাজ দুটি ইরানি জাহাজের চলাচলে বাধা সৃষ্টি করছিল এবং সামুদ্রিক অবরোধ কার্যক্রমে অংশ নিয়েছিল। তবে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম জানিয়েছে, ইরানের নিক্ষেপ করা ক্ষেপণাস্ত্রগুলো তাদের যুদ্ধজাহাজে আঘাত হানতে পারেনি। এ ঘটনায় কোনো মার্কিন সেনা হতাহত হয়নি বলেও দাবি করেছে তারা।

এরপর পাল্টা পদক্ষেপ হিসেবে ইরানের তিনটি তেলবাহী ট্যাংকারে হামলা চালানোর কথা জানিয়েছে যুক্তরাষ্ট্র। সেন্টকমের দাবি, খারগ দ্বীপের উপকূলীয় এলাকায় এবং জাঙ্কের কাছে থাকা দুটি ট্যাংকার অচল করে দেওয়া হয়েছে। এছাড়া ওমান উপসাগরে অবস্থানরত একটি খালি ট্যাংকার ধ্বংস করা হয়েছে।

অন্যদিকে, ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, খারগ দ্বীপের কাছে নোঙর করা একটি ট্যাংকারে চারটি মার্কিন ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে। তবে ওই ঘটনায় কোনো প্রাণহানির খবর পাওয়া যায়নি বলে দাবি করা হয়েছে।

হরমুজ প্রণালিকে ঘিরে চলমান এই হামলা ও পাল্টা হামলা মধ্যপ্রাচ্যের পরিস্থিতিতে আরও অস্থিতিশীল করে তুলতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ এই নৌপথে বাণিজ্যিক জাহাজের চলাচলও ইতোমধ্যে উল্লেখযোগ্যভাবে কমে গেছে।